# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 30 March, 2025

সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের সঙ্গে মিল রেখে ঝালকাঠির রাজাপুর উপজেলার মঠবাড়ি ইউনিয়নের ডহরশংকর গ্রামের (নাপিতের হাট বাজার) অর্ধশত পরিবারে পবিত্র ঈদুল ফিতর উদযাপন করা হয়েছে।

আজ শনিবার (৩০ মার্চ) সকাল ৮টায় উপজেলার ডহরশংকর এলাকায় দারুস সুন্নাহ মসজিদের ঈদগাহ মাঠে ঈদুল ফিতরের নামাজ অনুষ্ঠিত হয়।নামাজে শতাধিক মুসল্লি অংশ নেন, যেখানে পুরুষদের পাশাপাশি পর্দার অন্তরালে নারীরাও একই জামাতে নামাজ আদায় করেন।নামাজ শেষে মুসল্লিরা একে অপরের সঙ্গে কোলাকুলি ও শুভেচ্ছা বিনিময় করেন।ঈদের নামাজে ইমামতি করেন মসজিদের ইমাম মো. নুরুল ইসলাম।

স্থানীয়রা জানান, প্রতি বছরের মতো এবারও বিশ্বের যেকোনো স্থানে চাঁদ দেখা যাওয়ার ভিত্তিতে এ গ্রামের কিছু মুসল্লি তাদের পূর্ব পুরুষ থেকেই সৌদি আরবের সঙ্গে মিল রেখে ঈদ উদযাপন করে আসছেন।২০১১ সাল থেকে এ গ্রামের প্রায় ৪০টি পরিবার সৌদি আরবের নিয়ম অনুযায়ী ঈদ ও রোজা পালন শুরু করে।ঈদের নামাজ আদায়ের পর প্রতিটি গ্রামে বইছে উৎসবের আমেজ।ঘরে ঘরে হয়েছে মিষ্টান্ন ও বিশেষ খাবারের আয়োজন।

দারুস সুন্নাহ মসজিদের মুসল্লি আব্দুল্লাহ আল-রাব্বি, সাওকাত হাওলাদার, রাসেল ও দীনইসলাম বলেন, "নবীজি বলেছেন আকাশে চাঁদ দেখা গেলে এবং দুইজন ব্যক্তি যদি সাক্ষ্য দেন, তবে সে অনুযায়ী রোজা ও ঈদ পালন করা যায়।আমরা সবাইকে আহ্বান জানাই যেন আমাদের সঙ্গে একত্রে ঈদ উদযাপন করেন।'

দারুস সুন্নাহ জামে মসজিদের সভাপতি মো. রিপন হাওলাদার বলেন, "২০১১ সাল থেকে আমরা সৌদি আরবের সঙ্গে মিল রেখে ঈদ ও রোজা পালন করছি।একসময় এতে অনেক বাধার সম্মুখীন হতে হয়েছে, তবে বর্তমানে আর কোনো বাধা নেই।সকাল ৮টায় ঈদের নামাজ আদায় করেছি।

মসজিদের ইমাম মো. নুরুল ইসলাম বলেন, "আমরা সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের সঙ্গে মিল রেখে ঈদের নামাজ আদায় করেছি।আকাশে নতুন চাঁদ ওঠার সংবাদ পেয়ে আমরা রোজা রাখি ও ঈদ উদযাপন করি।'

প্রতি বছরের মতো এবারও এই এলাকার মুসল্লিরা সৌদি আরবের সঙ্গে মিল রেখে ঈদুল ফিতর উদযাপন করলেন।স্থানীয়দের মতে, এ ধারা ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

সৌদি আরব আকাশ ঝালকাঠি ঈদুল ফিতর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 09:33

URL: https://www.timestodaybd.com/barishal/200700337